Press Release

International Training on

# Comparative Governance Forum 2026

Cloncluding Session

Thursday, 06 August 2026

The four-day **Comparative Governance Forum 2026**, jointly organised by the Bangladesh Institute of International and Strategic Studies (BIISS) and the School of International Relations and Public Affairs (SIRPA), Fudan University, concluded today at the BIISS Auditorium. The session marked the successful completion of four days of academic exchanges, policy discussions, and field visits aimed at strengthening Bangladesh-China cooperation on governance, public policy, and institutional development.

**H E Md Ismail Zabihullah,** Honourable Adviser to the Prime Minister for the Ministry of Public Administration**,** graced the concluding session as the **Chief Guest. Professor ZHANG Ping,** Vice Dean of the School of International Relations and Public Affairs, Fudan University and **H E Mr Yao Wen,** Ambassador Extraordinary and Plenipotentiary of the People Republic of China to Bangladesh attended the event as the **Special Guest.** The session was chaired by **Major General A S M Ridwanur Rahman, awc, afwc, psc, G**, Director General of BIISS.

Speaking as the Special Guest, **Professor ZHANG Ping**, Vice Dean of the School of International Relations and Public Affairs, Fudan University, appreciated the warm hospitality extended by BIISS and expressed optimism that the Memorandum of Understanding signed during the inaugural session would facilitate sustained collaboration in future. The Chief Guest, **H E Md Ismail Zabihullah**, Honourable Adviser to the Prime Minister for the Ministry of Public Administration, commended BIISS and Fudan University for organising the forum and expressed hope that the insights generated through the programme would contribute to strengthening public policy research and Bangladesh-China cooperation. In his remarks, **Major General A S M Ridwanur Rahman, awc, afwc, psc, G**, Director General of BIISS observed that the forum had provided an important platform for meaningful academic dialogue and policy exchange between scholars and practitioners from Bangladesh and China.

During the session, certificates were awarded to the participants in recognition of their successful completion of the training programme.

Over the four-day programme, participants attended panel discussions, expert lectures, and extensive interactive sessions covering themes such as governance modernisation, targeted poverty alleviation, digital governance and artificial intelligence, the Global Development Initiative, industrialisation, shared development beyond 2030, and Bangladesh-China relations. Participants also undertook field visits to the Padma Bridge and the Dasherkandi Sewage Treatment Plant, providing opportunities to examine Bangladesh's infrastructure development and urban environmental management in practice.

সংবাদ বিজ্ঞপ্তি

International Training on

# Comparative Governance Forum 2026

## সমাপনী অধিবেশন

০৬ আগস্ট ২০২৬ (বৃহস্পতিবার)

---

বাংলাদেশ ইনস্টিটিউট অফ ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) এবং ফুদান বিশ্ববিদ্যালয়ের স্কুল অফ ইন্টারন্যাশনাল রিলেশনস অ্যান্ড পাবলিক অ্যাফেয়ার্স (SIRPA)-এর যৌথ আয়োজনে চার দিনব্যাপী '**Comparative Governance Forum 2026**' শীর্ষক অধিবেশনটি আজ বৃহস্পতিবার, ০৬ আগস্ট ২০২৬ তারিখে বিআইআইএসএস-এর মিলনায়তনে সমাপ্ত হয়। সুশাসন, জননীতি এবং প্রাতিষ্ঠানিক উন্নয়নের ক্ষেত্রে বাংলাদেশ ও চীনের মধ্যে সহযোগিতা জোরদার করার লক্ষ্যে এই কর্মসূচি আয়োজিত হয়েছিল। চার দিনব্যাপী এই অনুষ্ঠানে বিভিন্ন একাডেমিক মতবিনিময়, নীতি-বিষয়ক আলোচনা এবং সরেজমিন পরিদর্শন কার্যক্রম সফলভাবে সম্পন্ন হয়।

সমাপনী অধিবেশনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন বিষয়ক প্রধানমন্ত্রীর মাননীয় উপদেষ্টা **জনাব মোঃ ইসমাইল জবিউল্লাহ**। বিশেষ অতিথি হিসেবে যোগ দেন ফুদান বিশ্ববিদ্যালয়ের স্কুল অফ ইন্টারন্যাশনাল রিলেশনস অ্যান্ড পাবলিক অ্যাফেয়ার্স-এর ভাইস ডিন **অধ্যাপক ঝাং পিং (ZHANG Ping)** এবং গণপ্রাজাতন্ত্রী চীন-বাংলাদেশের মহামান্য রাষ্ট্রদূত **জনাব ইয়াও ওয়েন (Yao Wen)**। অধিবেশনটিতে সভাপতিত্ব করেন বিআইআইএসএস-এর মহাপরিচালক **মেজর জেনারেল আ স ম রিদওয়ানুর রহমান, এডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি, জি**।

বিশেষ অতিথির বক্তব্যে **অধ্যাপক ঝাং পিং (ZHANG Ping)** বিআইআইএসএস-এর আতিথেয়তার প্রশংসা করেন এবং আশাবাদ ব্যক্ত করেন যে, উদ্বোধনী অধিবেশনে স্বাক্ষরিত সমঝোতা স্মারকটি ভবিষ্যতে দীর্ঘস্থায়ী সহযোগিতার পথ সুগম করবে। প্রধান অতিথি **জনাব মোঃ ইসমাইল জবিউল্লাহ** এই ফোরাম আয়োজনের জন্য বিআইআইএসএস ও ফুদান বিশ্ববিদ্যালয়কে সাধুবাদ জানান এবং আশা ব্যক্ত করেন যে, এই কর্মসূচির মাধ্যমে প্রাপ্ত মতামত জননীতি বিষয়ক গবেষণা ও বাংলাদেশ-চীন পারস্পারিক সম্পর্ক জোরদারে অবদান রাখবে। বিআইআইএসএস-এর মহাপরিচালক **মেজর জেনারেল আ স ম রিদওয়ানুর রহমান** উল্লেখ করেন যে, এই ফোরামটি বাংলাদেশ ও চীনের বিশেষজ্ঞদের মধ্যে অর্থবহ একাডেমিক সংলাপ ও নীতি-বিষয়ক মতবিনিময়ের জন্য একটি গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম হিসেবে কাজ করেছে।

সমাপনী অধিবেশনে প্রশিক্ষণ কর্মসূচি সফলভাবে সম্পন্ন করার স্বীকৃতিস্বরূপ অংশগ্রহণকারীদের মাঝে সনদপত্র বিতরণ করা হয়।

চার দিনব্যাপী এই কর্মসূচিতে অংশগ্রহণকারীরা বিভিন্ন প্যানেল আলোচনা, বিশেষজ্ঞ বক্তৃতা এবং বিস্তারিত মতবিনিময় সেশনে অংশ নেন। এসব আলোচনায় সুশাসনের আধুনিকায়ন, সুনির্দিষ্ট দারিদ্র্য বিমোচন, ডিজিটাল শাসন ও কৃত্রিম বুদ্ধিমত্তা, গ্লোবাল ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ (বৈশ্বিক উন্নয়ন উদ্যোগ), শিল্পায়ন, ২০৩০-পরবর্তী যৌথ উন্নয়ন এবং বাংলাদেশ-চীন সম্পর্কের মতো গুরুত্বপূর্ণ বিষয়গুলো স্থান পায়। এছাড়া অংশগ্রহণকারীরা পদ্মা সেতু এবং দাশেরকান্দি সুয়েজ ট্রিটমেন্ট প্ল্যান্ট সরেজমিনে পরিদর্শন করেন, যা তাঁদের বাংলাদেশের অবকাঠামোগত উন্নয়ন ও নগর পরিবেশ ব্যবস্থাপনা সম্পর্কে বাস্তব অভিজ্ঞতা অর্জনের সুযোগ করে দেয়।